


সারাদেশ

ব্রাহ্মণবাড়িয়ায় গাড়ির চাকার নিচে পিষ্ট হয়ে দুই চাচাতো ভাই নিহত



প্রতিবেদক: মোঃনিয়ামুল ইসলাম আকজি ব্রাহ্মণবাড়িয়া।
প্রকাশের তারিখ: শনিবার, ২৬ সেপ্টেম্বর ২০২৬, ০৫:২২ PM



ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলায় গাড়ির চাকার নিচে পিষ্ট হয়ে মোটরসাইকেল আরোহী দুই চাচাতো ভাই নিহত হয়েছেন।

শনিবার (২৬ সেপ্টেম্বর) ভোর রাত ৩টার দিকে উপজেলার রামরাইল বাজার এলাকায় কুমিল্লা-সিলেট মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন জেলা শহরের কান্দিপাড়া এলাকার লিটন খাঁর ছেলে নামিম খাঁ (১৯) ও একই এলাকার কিসমত খাঁর ছেলে নিরব খাঁ (১৮)। তারা দুজনই শিক্ষার্থী।

পুলিশ ও নিহতদের স্বজনরা জানান, ভোর রাতে নামিম ও নিরব একটি মোটরসাইকেলে করে সদর উপজেলার সুলতানপুর থেকে বাড়ি ফিরছিলেন। রামরাইল বাজার এলাকায় কুমিল্লা-সিলেট মহাসড়কে পৌঁছালে অজ্ঞাত একটি গাড়ি তাদের মোটরসাইকেলটিকে ধাক্কা দেয়। এতে তারা মোটরসাইকেল থেকে সড়কে ছিটকে পড়ে যান। পরে ওই গাড়ির চাকার নিচে পিষ্ট হয়ে ঘটনাস্থলেই তাদের মৃত্যু হয়।

খবর পেয়ে খাঁটিহাতা হাইওয়ে থানার উপপরিদর্শক (এসআই) আব্দুল বাতেন ঘটনাস্থলে গিয়ে মরদেহ দুটি উদ্ধার করেন এবং তাদের পরিচয় শনাক্ত করেন। তবে কোন গাড়ির চাকার নিচে পিষ্ট হয়ে তারা নিহত হয়েছেন, তা তাৎক্ষণিকভাবে শনাক্ত করা যায়নি।

খাঁটিহাতা হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল হালিম বিষয়টি নিশ্চিত করে জানান, দুর্ঘটনায় জড়িত গাড়িটি তাৎক্ষণিকভাবে শনাক্ত করা সম্ভব হয়নি। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, কোনো ট্রাকের চাপায় পড়ে তাদের মৃত্যু হতে পারে।

তিনি জানান, পরিবারের আবেদনের পরিপ্রেক্ষিতে বিনা ময়নাতদন্তে সকালে মরদেহ দুটি স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।

দুর্ঘটনার কারণ ও জড়িত গাড়িটি শনাক্ত করতে পুলিশ তদন্ত করছে। পাশাপাশি ঘটনাস্থলের সিসিটিভি ফুটেজ সংগ্রহের কাজ চলছে।

এ বিভাগের আরও খবর



রাজৈরে ইয়াবাসক্ত ছেলেকে পুলিশে দিলেন বাবা
মাদারীপুরের রাজৈরে ইয়াবাসক্ত ছেলের অভিচার ও হত্যার হুমকিতে অতিষ্ঠ হয়ে তাকে পুলিশের হাতে তুলে দিয়েছেন এক বাবা।
উপজেলার কামালদি গ্রামের সূতা...



বালকাঠিতে গাঁজাসহ তরুণ গ্রেফতার
বালকাঠির নলছিটিতে দুই কেজি গাঁজাসহ রাফিক হাসান সরদার (১৯) নামে এক তরুণকে গ্রেফতার করেছে পুলিশ।সোমবার রাত ১০ টায় দিকে উপজেলার দপদপিয়া ইউনিয়নে...



শার্শায় ২০০ বোতল উইনসেরেস্তা কফ সিরাপসহ গ্রেপ্তার ১
যশোরের শার্শায় ২০০ বোতল উইনসেরেস্তা কফ সিরাপসহ মো. সবুজ খান (৩৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ।মঙ্গলবার (৬ অক্টোবর) দুপুর ২টায়...



ব্রাহ্মণবাড়িয়ায় কিশোর গ্যাংবিরোধী অভিযানে আটক ৪২, পরে মুচলেকায় ছাড়া
ব্রাহ্মণবাড়িয়া শহরে কিশোর গ্যাংবিরোধী বিশেষ অভিযানে ৪২ জনকে আটক করে পুলিশ। অগ্রাঙ্ক বয়সসহ সামাজিক পরিস্থিতি বিবেচনায় মুচলেকা নিয়ে গতকাল সোম....

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/brahmnbariyay-garir-chakar-niche-pisht-hye-dui-chachato-bhai-niht>